

# বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন

পশ্চিমবঙ্গ শাখা

২৪৯ডি বি. বি. গঙ্গুলী স্ট্রীট, কলকাতা - ৭০০ ০১২

সমস্ত শাখা ও বিভাগীয় সম্পাদকদের প্রতি

প্রিয় কমরেডস,

প্রথমেই আপনাদের সার্কুল ইউনিয়ন এর আহ্বানে কর্মচারীদের দাবি দাওয়ার লড়াই এ ২৭-২৯ অক্টোবর, ০৯ অবস্থানে সহ সারা রাজ্যব্যাপী আন্দোলন গড়ে তোলার জন্য সংগ্রামী অভিনন্দন জানাই। ইতিমধ্যেই এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে এর প্রতি সহতি জানিয়ে কমরেড নান্দুদির অবিলম্বে পশ্চিমবঙ্গ সার্কুলের অমীমাংসিত সমস্যার সমাধানের দাবি জানিয়ে সি. এম. ডি বি এস এন এল কে চিঠি দিয়েছেন। বর্তমান পরিস্থিতিতে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আমরা প্রত্যেকেই নানা প্রশ্নের সম্মুখীন। সেই বিষয়গুলি সম্পর্কে সর্বশেষ প্রাপ্ত সংবাদ সংক্ষেপে এই সার্কুলারে অবহিত করা হচ্ছে এবং এর সাথে সাথে প্রতিটি বিভাগীয়/শাখা/ইউনিট স্তর পর্যন্ত এই তথ্যাদি ব্যাখ্যা করে প্রয়োজনে বহুস্তর লড়াই আন্দোলনের প্রস্তুতি গ্রহণের আহ্বান জানাচ্ছে সার্কুল ইউনিয়ন।

(১) ন্যাশানাল কাউন্সিল মিটিং :-

গত ৫ই নভেম্বর, ০৯ দিল্লীতে এই সভা অনুষ্ঠিত হয় এবং সভায় সংগঠনের পক্ষ থেকে নেতৃত্বদেয় বিষয়গুলি কর্তৃপক্ষের সম্মুখে আলোচনা করেন সেগুলি হলো :-

(ক) অবিলম্বে ৯ কোটি ৩০ লক্ষ মোবাইল সংযোগের পারচেজ অর্ডার দেওয়া এবং ব্রডব্যান্ড সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় মডেম অবিলম্বে সরবরাহ করতে হবে। (খ) সরকারী আদেশ অমম্য করে যে ৫০ শতাংশ বোনাস কমিয়ে দেওয়া হয়েছে এ টাকার অবিলম্বে দেওয়ার দাবি জানানো হয়েছে। (গ) টি টি এ - এল ডি সি ই দের প্রিকোয়ালিফাইং পরীক্ষার আদেশ জরুরি বিলম্বের দরুন স্টাফ সাইড ফোর্ড প্রকাশ করে চেয়ারম্যানের প্রতিশ্রুতি অনুযায়ী অবিলম্বে এ আদেশ জরুরি দাবি করেছে। (ঘ) গত ১৯-২০ অক্টোবর, ০৯ দুদিনের ধর্মঘটের দরুন ম্যানজমেন্ট যে বেতন কাটার সিদ্ধান্ত নিয়েছে তার তীব্র প্রতিবাদ জানিয়েছে। বিগত দিনে বি এস এন এল এর কোন ধর্মঘটেই বেতন কাটা হয়নি। ভেদাভেদের ভিত্তিতে সি ডি এ রুল প্রয়োগ না করার দাবি জানিয়েছে স্টাফ সাইড। (ঙ) অবিলম্বে (সি সি এস লিড রুল) সংশোধনের ভিত্তিতে বি এস এন এল দপ্তরে চাইল্ড কেয়ার লিড চালু এবং মেটারনিটি লিড বৃদ্ধি করার দাবি জানানো হয়েছে। (চ) আউট সাইড কোটায় টি টি এ পরীক্ষার কোয়ালিফাইং মার্কসের যে ছাড় (গ্রোস মার্ক) দেওয়া হয়েছে বিভাগীয় টি টি এ, জে এ ও এবং অন্যান্য পরীক্ষাতেও গ্রোস মার্ক সহ একইভাবে ছাড় দেওয়ার দাবি জানানো হয়েছে। (ছ) দাবি করা হয়েছে ড্রাইভারদেরও টি টি এ পরীক্ষায় বসার সুযোগ দিতে হবে। তেমনি এল ডি সি হিসাবে যে সময়কাল চাকরি করেছেন তা টি টি এ পরীক্ষায় বসার ক্ষেত্রে গণ্য করা হবে। (জ) দাবি করা হয়েছে কোয়ালিফাইড টি টি এ দের যারা বর্তমানে অফিসিয়েটিং জে টি ও পদে রয়েছে তাদের পরসোনাল আপগ্রেডেশনের মাধ্যমে পদোন্নতি ঘটাতে হবে।

(০২) বি এস এন এল সহ রাষ্ট্রায়ত্ত্ব ক্ষেত্রে বিলম্বীকরণ :-

গত ৫ই নভেম্বর, ০৯ কেন্দ্রীয় সরকার সমস্ত লাভজনক রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার ১০ শতাংশ শেয়ার বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করেছে। বি এস এন এল দপ্তরেও এই বিলম্বীকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আমাদের সর্বভারতীয় সম্পাদক কম. নান্দুদির ইতিমধ্যেই এর তীব্র প্রতিবাদ জানিয়েছেন। এ বিষয়ে প্রতিটি কর্মচারীকে অবিলম্বে দপ্তর রক্ষার লড়াই এ সমিল করতে হবে। প্রয়োজনে বাস্তবোচিত আন্দোলনের কর্মসূচী গ্রহণ করতে হবে।

(০৩) ওয়েজ রিভিশন :-

সর্বশেষ সংবাদ যা পাওয়া গেছে তা হলো আগামী ১৭ই নভেম্বর, ২০০৯ দুপুর ২-৩০ টায় ওয়েজ রিভিশন কমিটির বৈঠক হবে। কর্তৃপক্ষের বিভিন্ন অজুহাতে মিটিং না করার কারণে সংগঠনের পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানানোই তড়িঘড়ি এ বিষয়ে কর্তৃপক্ষ নোটিশ জারি করেছেন। নোটিশের কপি ওয়েব সাইট এ দেওয়া আছে।

(০৪) প্রমোশন পলিসি কার্যকর :-

আমরা জানি বি এস এন এল কর্তৃপক্ষ গত ৩০শে অক্টোবর, ০৮ একটি প্রমোশন পলিসি চূড়ান্ত করেছিলো। পরবর্তীকালে কর্তৃপক্ষ ই একটি নির্দিষ্ট পে স্কেল একজিকিউটিভদের ( ৯২০০-১৩২০০) এই অজুহাতে পুনরায় এবিষয়টি ডি ও টি - র কাছে পাঠিয়েছে। গত ৬ই নভেম্বর, ০৯ কমরেড নান্দুদির সেক্রেটারি ডি ও টি কে চিঠি মারফৎ বিস্তারিতভাবে জানিয়েছেন যে কি কারণে ৯২০০ - ১৩২০০ পে স্কেলটি বি এস এন এল দপ্তরে নন-একজিকিউটিভ স্কেল হিসাবে গণ্য করা হয়। তিনি এ বিষয়ে পূর্বতন ডি ও টি আর্ম লের পে স্কেলের উল্লেখ করে ব্যাখ্যা করেছেন যে কোন অবস্থাতেই যেহেতু ৯২০০ পে স্কেলটি একজিকিউটিভ পে স্কেল নয়। এ ব্যাপারে তিনি দাবি করেছেন যে "ডি ও টি" ও "বি এস এন এল কর্তৃপক্ষ" উভয়ে সভা করে অবিলম্বে এই সমস্যার সমাধান করতে হবে এবং প্রমোশন পলিসি কার্যকর করার আদেশ জারি করতে হবে।

স্বাক্ষরিত

অনিমেষ মিত্র

প্রাদেশিক সম্পাদক

Date: - 09-11-2009